



ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

**Dhaka Customs Agents Association**

3/C, New Baily Road, Ramna, Dhaka. Ph : 41030680, 41030710, 41032229

E-mail : dcaa.2009@gmail.com, Website : www.dcaadhaka.org

প্রচার পত্র নং-১৫৭/২০২৬

তারিখ ২৯-০৯-২০২৬ইং

### লাইসেন্স নবায়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম।

এতদ্বারা ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস্ এজেন্টস্ লাইসেন্সিং বিধিমালা-২০২৬ এর বিধি-১৫ এর বিধান মোতাবেক কাস্টম হাউসের ক্ষেত্রে ১০,০০০/- টাকা এবং স্থল কাস্টমস্ স্টেশনের ক্ষেত্রে ৫,০০০/- নবায়ন ফি পরিশোধ পূর্বক লাইসেন্সের মেয়াদ অতিক্রান্ত হবার ৪৫ (পয়তাল্লিশ) দিন পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় ফি ও দলিলাদি দাখিল করতে হবে।

তাই কাস্টম হাউস, ঢাকা, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, কাস্টম হাউস, পানগাঁও এবং কাস্টমস্ বন্ড কমিশনারেট এর আওতাধীন ঢাকা ইপিজেড ও আদমজী ইপিজেড এর যেসকল কাস্টমস্ এজেন্টস্ লাইসেন্সের মেয়াদ আগামী ৩১/১২/২০২৬ইং তারিখে উত্তীর্ণ হবে তা পরবর্তী ০৫ (পাঁচ) বৎসর (২০২৭-২০৩১) মেয়াদে নবায়নের লক্ষ্যে জটিলতা এড়ানোর জন্য আগামী ৩১-১০-২০২৬ইং তারিখের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষের বরাবরে আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

এছাড়া যেসকল কাস্টম সরকার পারমিট ৩১/১২/২০২৬ইং তারিখে মেয়াদ উত্তীর্ণ হবে, তা পরবর্তী মেয়াদে নবায়নের জন্য উক্ত সময়ের মধ্যে গুরু কর্তৃপক্ষের নিকট দাখিল করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

লাইসেন্স নবায়নের ক্ষেত্রে নিম্নলিখিত দলিলাদি/কাগজপত্র দাখিল করতে হবে :

- ০১। মূল লাইসেন্সের কপি;
- ০২। হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি;
- ০৩। Integrated VAT Administration System (IVAS) এ নিয়মিত দাখিলপত্র দাখিলের প্রমাণ বা VAT Honour Card;
- ০৪। আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বিগত মেয়াদের আয়কর রিটার্নের প্রমাণ (Proof of Submission of Return or PSR);
- ০৫। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্রের কপি;
- ০৬। হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র এবং উক্তরূপ ভাড়ার বিপরীতে পরিশোধিত মুসক চালানোর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
- ০৭। নবায়ন ফি ও উহার উপর প্রযোজ্য মুসক পরিশোধের চালানোর কপি;
- ০৮। লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে Document Verification System (DVS) নম্বর সংবলিত হালনাগাদ বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত কপি;
- ০৯। লাইসেন্সিং কর্তৃপক্ষের চাহিত লাইসেন্স নবায়নের জন্য লাইসেন্স সংশ্লিষ্ট প্রয়োজনীয় যেকোন তথ্য বা দলিলপত্র; এবং
- ১০। স্ব-স্ব দপ্তর সংশ্লিষ্ট ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সিএন্ডএফ) এসোসিয়েশন এর সদস্যভুক্তির সনদপত্র;

ধন্যবাদান্তে

সকলের ব্যবসায়িক সাফল্য ও সার্বিক কল্যাণ কামনায়-

(মোঃ ফারুক আলম)

সাধারণ সম্পাদক

ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন